সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫৬ তারিখ: ১০ ফাল্গুন , ১৪২৯ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে International Organization of Securities Commissions (IOSCO) এর Asia Pacific Regional Committee (APRC) এর APRC plenary সভা ঢাকা, বাংলাদেশের শেরাটন হোটেলে অনুষ্ঠিত হয়।

IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর সম্মানিত চেয়ার জনাব Mr. Shigeru Ariizumi উক্ত সভা উদ্বোধন করেন। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) এবং IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত সভায় উপস্থিত ছিলেন।

সকাল ৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত হোটেল শেরাটন, ঢাকায় অনুষ্ঠিত উক্ত সভায় অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সিঙ্গাপুর, হংকং, জাপান, ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, পাকিস্তান, নেপাল সহ এশিয়া প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহের উর্ধতন কর্মকর্তাসহ তাদের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত সভায় সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহ নিয়ে গঠিত প্রতিষ্ঠান International Organization of Securities Commissions (IOSCO) এর সচিবালয়, স্পেন এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

সভায় APRC এর সম্মানিত চেয়ার জনাব Mr. Shigeru Ariizumi এবং ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম স্বাগত বক্তব্য রাখেন এবং সভার আলোচ্যসূচির অনুমোদন প্রদান করেন।

সভায় IOSCO সচিবালয় এর উপ-মহাসচিব সভার আলোচনার সংক্রান্ত বিষয়বস্তুর হালনাগাদ তথ্য প্রদান করেন। এছাড়া সভায় অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আগের দিনের অনুষ্ঠিত Supervisory Director Meeting এবং Enforcement Director Meeting এর আলোচনার সারসংক্ষেপ তুলে ধরেন।

পরবর্তীতে আর্থিক প্রযুক্তি, পারস্পরিক নিয়ন্ত্রণ মূলক সহযোগিতা বৃদ্ধি, টেকসই আর্থিক সংস্থান, বাজার বিভাজন, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ সমূহের আঞ্চলিক আর্থিক সংস্থান, নিয়ন্ত্রক প্রযুক্তি সহ অন্যান্য অনেক বিষয়ে বাংলাদেশ, জাপান, ভারত, অস্ট্রেলিয়া, হংকং, সিঙ্গাপুর, তাইওয়ান, মালয়েশিয়া, থাইল্যান্ড সহ অন্যান্য দেশের প্রতিনিধিগণ গুরুত্বপূর্ণ আলোচনা করেন এবং নিজ নিজ দেশের অভিজ্ঞতা তুলে ধরেন।

অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এশিয়া-প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের সাথে সম্পর্কের উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধি সহ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নতিতে এই সভা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে আশাবাদ ব্যক্ত করার পাশাপাশি বাংলাদেশে আসার জন্য আগত অতিথিদের আবারো আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

এছাড়াও IOSCO- APRC সভা ২০২৩ এর সমাপনী অনুষ্ঠান ও গালা ডিনার অনুষ্ঠিত হয় রাজধানীর শেরেবাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। সন্ধ্যা ৭:০০ টায় জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানটি শুরু হয়। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) এবং IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা জনাব ড. মসিউর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ। অনুষ্ঠানটিতে গেস্টস অব অনার(Guests of Honour) হিসেবে বক্তব্য রাখেন IOSCO বোর্ডের ভাইস চেয়ারম্যান ও APRC এর চেয়ার Mr. Shigeru Ariizumi এবং IOSCO এর ডেপুটি সেক্রেটারি

জেনারেল Mr. Tajinder Singh। সমাপনী অনুষ্ঠানে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে অতিথিদের সম্মানিত করা হয়।

সমাপনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম বিএসইসি ও সরকারের পক্ষ থেকে APRC সভা আয়োজনের সুযোগ দেয়ার জন্য IOSCO-কে ধন্যবাদ জানান। তিনি দেশ হিসেবে বাংলাদেশের সংগ্রামের কথা ও বাংলাদেশের কঠিন সময়ে পাশে থাকা মিত্রদের কথা স্মরণ করেন এবং সংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশের অগ্রযাত্রার কথা উল্লেখ করেন। তিনি বলেন, "বাংলাদেশ ঠিক বঙ্গবন্ধু যেমনটি বলেছেন ঠিক তেমনই 'সোনার বাংলা'। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় ও প্রগতিশীল নেতৃত্বে এদেশ এগিয়ে চলেছে। ২০৩০ সালে বাংলাদেশ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দেশ হবে বলে আশা করা হচ্ছে।" তিনি বিভিন্ন দেশ থেকে আগত অতিথিদের সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আবারও বাংলাদেশে আসার অনুরোধ জানান।

গেস্টস অব অনার(Guests of Honour) এর বক্তব্যে IOSCO বোর্ডের ভাইস চেয়ারম্যান ও APRC এর চেয়ার Mr. Shigeru Ariizumi আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রশংসা করেন। তিনি বাংলাদেশ ও জাপানের অত্যন্ত বিস্তৃত ও দীর্ঘমেয়াদী অংশীদারিত্বের সম্পর্কের কথা উল্লেখ করেন এবং জাপান ও বাংলাদেশের পতাকার সাদৃশ্যের কথা উল্লেখ করেন। তিনি বিগত বছর জাপান ও বাংলাদেশের কূটনৈতিক সম্পর্কের পঞ্চাশ বছর পূর্তি উদযাপনের কথা স্মরণ করেন। বিশ্বের অর্থনীতির অত্যন্ত সংকটের এই সময়ে বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাগুলো পুঁজিবাজারের উন্নয়নে ও বিনিয়োগকারীদের সুরক্ষায় কাজ করছে বলে তিনি জানান। APRC এর মত সভার মাধ্যমে এর সদস্যদের মাঝে এক থেকে অন্যদের শেখার ও বোঝার অসাধারণ সুযোগ তৈরি হয়েছে বলে মন্তব্য করেন। তিনি নিখুত আয়োজনের জন্য বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে ধন্যবাদ জানান।

এরপর গেস্টস অব অনার(Guests of Honour) এর বক্তব্যে IOSCO এর ডেপুটি সেক্রেটারি জেনারেল Mr. Tajinder Singh অনুষ্ঠানের সকলকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি পৃথিবীর ছোট-বড় অসংখ্য পুঁজিবাজার নিয়ে গঠিত IOSCO এর বৈচিত্রের কথা উল্লেখ করে বলেন, " IOSCO অনেক রঙ-এ ভরা এক ক্যানভাস। এখানে বহু দেশ একত্রিত হয়ে মিথস্ক্রিয়ার মাধ্যমে কাজ করছে। বিশ্বের প্রায় শতকরা ৯৫ ভাগ পুঁজিবাজার আমাদের অর্ন্তভুক্ত। আমরা পুরো বিশ্ব জুড়েই কাজ করি এবং আমাদের তৈরি করে দেয়া মানদন্ডই বিশ্বজুড়ে অনুসরণ করা হয়।" IOSCO বিনিয়োগকারীদের সুরক্ষা, বাজারের বিশুদ্ধতা(Integrity) ও অর্থনৈতিক স্থিতিশীলতা- এই তিনিটি লক্ষ্য নিয়ে জনস্বার্থে কাজ করছে বলে তিনি জানান। তিনি বাংলাদেশের আতিথেয়তার প্রশংসা করেন এবং বিএসইসি ও তার চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে ধন্যবাদ জানান।

বিশেষ অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, "APRC-র মত সভা আয়োজনের সুযোগ বাংলাদেশের জন্য অত্যন্ত সম্মানের। বিএসইসি অতীতে অনেক আন্তর্জাতিক অনুষ্ঠান সফলতার সাথে আয়োজন করেছে। আগামীতে আরো নিয়মিত বিরতিতে এধরনের আয়োজন হওক।" তিনি APRC সভায় আলোচিত বিভিন্ন বিষয়ের আলোকপাত করেন এবং পুঁজিবাজারের সাথে আলোচিত বিষয়গুলোর প্রাসঙ্গিকতার প্রশংসা করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা জনাব ড. মসিউর রহমান বাংলাদেশ-জাপানের বন্ধুত্বের কথা উল্লেখ করে বলেন, "স্বাধীনতার ঠিক পর থেকেই জাপান বাংলাদেশকে সহায়তা করে আসছে।" তিনি নিজের প্রথম বিদেশ ভ্রমণে জাপান সফরের কথা স্মরণ করেন এবং জাপানের মানুষের আতিথেয়তার প্রশংসা করেন। তিনি শ্রদ্ধার সাথে ভাষা শহীদের স্মরণ করে বলেন, "বাঙালী জাতি ভাষার অধিকার নিশ্চিতে জীবন দিয়েছে। বঙ্গবন্ধু ভাষা আন্দোলনে মুখ্য ভূমিকা রেখেছেন। বঙ্গবন্ধু দেশকে স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধ করেছেন। তার হত্যার মাধ্যমে দেশকে বিপথে পরিচালিত করার চেষ্টা করা হয়েছে। কিন্তু মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতার আদর্শে দেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়েছেন। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ আজ নিম্ন মধ্যম আয়ের দেশ এবং আগামীতে উচ্চ আয়ের দেশে পরিণত হওয়ার স্বপ্ন দেখছে।" তিনি বিএসইসি'র সাম্প্রতিক শরীয়াহ্ ভিত্তিক ইনসট্রুমেন্ট ও বন্ড আনয়নের প্রশংসা করেন এবং পুঁজিবাজারই সন্দেহাতীতভাবে দীর্ঘমেয়াদী বিনিয়োগের ক্ষেত্র বলে মন্তব্য করেন। তিনি IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর ভাইস চেয়ার নির্বাচিত হওয়ায় অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে অভিনন্দন জানান।

IOSCO- APRC সভায় আমন্ত্রিত অতিথিদের বাংলাদেশের সৌন্দর্য অবলোকনের জন্য বিএসইসি'র উদ্যোগে সাইটসিইং এর ব্যবস্থা করা হয়েছে। দেশে প্রথমবারের মত IOSCO- APRC সভা আয়োজনের মাধ্যমে দেশ ও দেশের পুঁজিবাজার আন্তর্জাতিক অঙ্গনে আরো পরিচিতি পাবে। একইসাথে এদেশের পুঁজিবাজারে বিদেশী বিনিয়োগকারীদের আগ্রহ ও আস্থা বাড়বে। এর মাধ্যমে বৈশ্বিক পুঁজিবাজার এর নীতিনির্ধারণে বাংলাদেশের অংশগ্রহণ বৃদ্ধি পাবে, সংশ্লিষ্ট আইন কানুনের সাথে সমন্বয় করে দেশের পুঁজিবাজার উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, বৈদেশিক বিনিয়োগ এবং সহযোগিতা বৃদ্ধি, এশিয়া-প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের সাথে সম্পর্কের উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধি সহ দেশের পুঁজিবাজারের দীর্ঘমেয়াদী ও টেকসই উন্নয়ন ত্বরান্বিত হবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


OICU-IOSCO
IOSCO-APRC
MEETINGS, 2023
DHAKA, BANGLADESH
22 - 23
OICU-IOSCO
IOSCO-APRC
MEETINGS, 2023
DHAKA, BANGLADESH
23 February 2023
09.30am - 04.00pm
Sheraton Dhaka
APRC VICE-CHAIR
APRC CHAIR


OICU-IOSCO
IOSCO-APRC
OICU-IOSCO
IOSCO-APRC




ton Dhaka



